

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা

নং সংস্থা/ব-৫৯/রে-৯৩৩৪

তারিখ : ১৩ জুন ২০২৬


আবশ্যিক

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের নিম্নবর্ণিত বিভিন্ন বিভাগ/ইন্সটিটিউটের পার্শ্বে বর্ণিত তারিখ ও সময়ে উল্লিখিত সংখ্যক পদে যোগ্যতা সম্পন্ন বাংলাদেশী নাগরিকদের নিকট হতে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে লেকচারার নিয়োগের নিমিত্তে প্রার্থীদের সাক্ষাৎকার গ্রহণ করা হবে।
বেতন স্কেল চ: ২২০০০-৫৩০৬০/-।

Walk-in-Interview

ক্রম	বিভাগ/ইন্সটিটিউট	পদ সংখ্যা	সাক্ষাৎকারের জন্য উপস্থিত হওয়ার তারিখ ও সময়
১.	পুরকৌশল বিভাগ	৪টি	৩০/০৬/২০২৬ তারিখ, সকাল ০৯.৩০ মিনিট
২.	তড়িৎ ও ইলেকট্রনিক কৌশল বিভাগ	৩টি	৩০/০৬/২০২৬ তারিখ, সকাল ১০.৩০ মিনিট
৩.	ন্যানোম্যাটেরিয়ালস এন্ড সিরামিক ইঞ্জিনিয়ারিং বিভাগ	১টি	৩০/০৬/২০২৬ তারিখ, সকাল ১১.১৫ মিনিট
৫.	কেমিকৌশল বিভাগ	১টি	৩০/০৬/২০২৬ তারিখ, সকাল ১১.৪৫ মিনিট
৬.	কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ	৬টি	০১/০৭/২০২৬ তারিখ, সকাল ০৯.৩০ মিনিট
৭.	যন্ত্রকৌশল বিভাগ	৪টি	০১/০৭/২০২৬ তারিখ, সকাল ১০.৩০ মিনিট
৮.	বস্ত্র ও ধাতব কৌশল বিভাগ	১টি	০১/০৭/২০২৬ তারিখ, সকাল ১১.৩০ মিনিট
৯.	নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগ	১টি	০১/০৭/২০২৬ তারিখ, সকাল ১১.৪৫ মিনিট
১০.	ইন্ডাস্ট্রিয়াল এন্ড প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং বিভাগ	৪টি	০৪/০৭/২০২৬ তারিখ, সকাল ০৯.৩০ মিনিট
১১.	নৌযান ও নৌযন্ত্র কৌশল বিভাগ	২টি	০৪/০৭/২০২৬ তারিখ, সকাল ১০.৩০ মিনিট
১১.	বায়োমেডিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগ	২টি	০৪/০৭/২০২৬ তারিখ, সকাল ১১.০০ ঘটিকা
১২.	পানি সম্পদ কৌশল বিভাগ	২টি	০৪/০৭/২০২৬ তারিখ, সকাল ১১.৩০ মিনিট
১৩.	পানি ও বন্যা ব্যবস্থাপনা ইন্সটিটিউট	২টি	০৪/০৭/২০২৬ তারিখ, দুপুর ১২.০০ ঘটিকা

সকল বিভাগ/ইন্সটিটিউটের জন্য প্রযোজ্য : Walk-in-Interview প্রার্থীগণকে উল্লিখিত সময়সূচী অনুযায়ী কাউন্সিল ভবনে উপস্থিত হয়ে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার/জমা রশিদসহ বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ফরমে (Walk-in-Interview-এর ক্ষেত্রে REG-2 ফরম) সকল অতীত ও বর্তমান চাকরির পদমর্যাদা, বেতন স্কেল ও তারিখ উল্লেখপূর্বক ১৭ সেট পূর্ণাঙ্গ আবেদনপত্র সেখানে দায়িত্বরত কর্মকর্তার নিকট জমা দিতে হবে। তন্মধ্যে ১ সেটের সাথে ৩ কপি সত্যায়িত ছবি এবং কম্পিউটার BUET-এর অনুকূলে উক্ত সকল পদসমূহে আবেদনের জন্য চ: ৬০০/- (ছয়শত) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার অথবা কম্পিউটার অফিস কর্তৃক প্রদত্ত নির্ধারিত জমা রশিদের মাধ্যমে সোনালী ব্যাংক বুয়েট শাখায় নগদ টাকা জমা প্রদানপূর্বক, টাকার রশিদ সংযুক্ত করত: প্রত্যেক সেটের সাথে আবেদনপত্র/Forwarding Letter-সহ সকল সার্টিফিকেট, টেস্টিমোনিয়াল, ট্রান্সক্রিপ্ট/মার্কশীট, অভিজ্ঞতার সনদ এবং NID-এর সত্যায়িত কপি (সকল কাগজপত্র বাঁধাইকৃত সেট) সংযুক্ত করতে হবে। অসম্পূর্ণ, ভুল তথ্যসম্বলিত এবং ত্রুটিপূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। প্রার্থীর শিক্ষাজীবনের কোন পরীক্ষায় তৃতীয় শ্রেণি/বিভাগ গ্রহণযোগ্য নয়। বিদেশী ডিগ্রিধারী প্রার্থীগণের ক্ষেত্রে সংশ্লিষ্ট বিভাগ/অফিস কর্তৃক যথানিয়মে ইকুয়িভ্যালেন্স সম্পাদন সাপেক্ষে আবেদনপত্র প্রসেস করা হবে। আবেদনের জন্য নির্ধারিত ফরম (REG-2) এবং শিক্ষক পদের RQ এই বিশ্ববিদ্যালয়ের Website (regoffice.buet.ac.bd)-এর Download page হতে সংগ্রহ করা যাবে। সাক্ষাৎকারের সময় প্রার্থীগণকে সকল মূল সার্টিফিকেট, ট্রান্সক্রিপ্ট/মার্কশীট, প্রশংসাপত্র, অভিজ্ঞতার সনদ, NID ইত্যাদি প্রদর্শন করতে হবে। সাক্ষাৎকারে উপস্থিত হওয়ার জন্য কোন প্রকার যাতায়াত বা দৈনিক ভাতা দেয়া হবে না। কর্তৃপক্ষ কোন কারণ ব্যতিরেকে এই নিয়োগ প্রক্রিয়া গ্রহণ/বাতিল/পদ সংখ্যা হ্রাস-বৃদ্ধির ক্ষমতা সংরক্ষণ করেন। নিয়োগ প্রক্রিয়ায় কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। চাকুরিরত প্রার্থীগণকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।


১৩/০৬/২৬
(অধ্যাপক ড. এন. এম. গোলাম জাকারিয়া)
রেজিস্ট্রার (অ. দা.)

নং সংস্থা/ব-৫৯/রে-৯৩৩৪

তারিখ : ১৩ জুন ২০২৬

বিতরণ (প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ) :

- ১। ডিন, সকল অনুষদ, বা.প্র.বি., ঢাকা।
- ২। সকল বিভাগীয় প্রধান/পরিচালক/অফিস প্রধান/হল প্রভোস্ট, বা.প্র.বি., ঢাকা।
- ৩। পরিচালক, বুয়েট-আই.সি.টি সেল, বা.প্র.বি., ঢাকা।-(বিজ্ঞপ্তিটি Website-এ দেয়ার ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ৪। সিনিয়র প্রোগ্রামার গ্রেড-১, রেজিস্ট্রার অফিস, বা.প্র.বি., ঢাকা।-(বিজ্ঞপ্তিটি Website-এ দেয়ার ব্যবস্থা গ্রহণের জন্য)।